আজকের কাগজ

তারিখ 07 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ২

46

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার খাতা কেলেঙ্কারি

# পরীক্ষা নিয়ন্ত্রকসহ ২ জন বরখাস্ত ॥ ৪ জনের শাস্তি

চট্টগ্রাম থেকে মোতাহার হোসেন ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের পরীক্ষার খাতা কেলেংকারির অভিযোগে পরীক্ষা নিয়ন্ত্রক জিএম লতিফ খান, কর্মকর্তা আবদুস সাত্তার আখন্দকে বরখাস্ত করা হয়েছে। গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় উপাচার্যের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বিশেষ জরুরি সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের একজন প্রভাবশালী সদস্য জানায়, একই বিভাগের শিক্ষক আবদুল খালেক ও আবসার আলীকে অনুরূপ অভিযোগের কারণে আগামী এক বছর সব ধরনের পরীক্ষার সঙ্গে জড়িত থাকার ওপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে।

সূত্র মতে, জামাত-শিবিরের ক্যাডার এবং ফারুক হত্যা মামলার অন্যতম সহযোগী দর্শন বিভাগের প্রভাষক মোজাম্মেল হোসেন এবং মোজাফফর আহম্মদের একটি করে ইনক্রিমেন্ট কাটার সিদ্ধান্ত নেয়া হয়েছে। তারা উভয়েই এ অপকর্মের সঙ্গে জড়িত।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকসহ কতিপয় প্রশাসনিক কর্মকর্তা এবং বিভিন্ন বিভাগের জামাত-শিবিরপন্থী শিক্ষকের সহযোগিতায় একটি শক্তিশালী গ্রুপ দীর্ঘদিন থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ভর্তি পরীক্ষাসহ বিভিন্ন পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, খাতা কেলেংকারি, ভুয়া ছাত্রছাত্রী ভর্তির মতো জঘণ্য অপকর্ম চালিয়ে আসছে। কিছুদিন আগে এ চক্রটি বিবিএ'র খাতা কেলেংকারি এবং গণিত বিভাগের প্রশ্নপত্র ফাঁসের মতো অপকর্ম করেছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সূত্রটি আরো জানান, দর্শন বিভাগের পরীক্ষার খাতা কেলেংকারির ঘটনায় জড়িত পরীক্ষা নিয়ন্ত্রক জিপি লতিফ খান ও কর্মকর্তা আবদুস সাত্তার আখন্দকে বরখাস্ত করা ছাড়াও অন্য ৪ অভিযুক্ত শিক্ষকের অপকর্মের নথি দুর্নীতি দমন ব্যুরোতে পাঠানোর সিদ্ধান্ত হয়েছে।